



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৭
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৮
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৪
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৫
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৬

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি, আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং নারীর ক্ষমতায়নে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিএলআরআই ইতোমধ্যে জাতীয় চাহিদার নিরিখে গবেষণার মাধ্যমে প্রাণির জাত ও প্রজনন ব্যবস্থাপনা; খাদ্য, পুষ্টি ও পালন ব্যবস্থাপনা; ভ্যালু এডিশন; প্রাণির রোগ প্রতিরোধ ও প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক ৭৪ টি প্রযুক্তি ও ১৯ টি প্যাকেজ উদ্ভাবিত হয়েছে। সম্প্রতি বাণিজ্যিকভাবে ছাগল ও ভেড়া পালনের জন্য “সাশ্রয়ী কমপ্লিট পেলেট ফিড” উপকূলীয় অঞ্চলে চাষযোগ্য লবণ সহিষ্ণু নেপিয়ার ঘাসের জাত “বিএলআরআই ঘাস-৫” এবং প্রোবায়োটিক দই তৈরিতে “বিএলআরআই স্টার্টার কালচার” প্রযুক্তি উদ্ভাবিত হয়েছে। এসব প্রযুক্তিসমূহ সম্প্রসারণ ও বাস্তবায়নের ফলে প্রাণিসম্পদের পালন ও ব্যবস্থাপনায় উৎকর্ষ সাধন, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং আত্মকর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। যা আমাদের দেশের টেকসই উন্নয়ন অর্জনে অগ্রযাত্রায় অবদান রাখছে। এছাড়াও অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স বিষয়ে মানসম্পন্ন ও বাস্তবমুখী গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য অত্র ইনস্টিটিউটের AMR Laboratory-কে গত ৮ জুন ২০২২ খ্রিঃ তারিখে AMR Reference Laboratory (Research) হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়েছে। অত্যাধুনিক গবেষণা যন্ত্রপাতি বিশিষ্ট জাতীয় পর্যায়ের গবেষণাগারটি ভবিষ্যতে অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স সম্পর্কিত গবেষণা কার্যক্রম বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

প্রাণি ও পোল্ট্রি উৎপাদন বিষয়ক প্রযুক্তি উদ্ভাবনে অন্যতম চ্যালেঞ্জ হচ্ছে মানসম্পন্ন প্রাণি ও পোল্ট্রি খাদ্যের অপ্রতুলতা ও উচ্চমূল্য, আধুনিক ল্যাবরেটরি ও দক্ষ জনবলের সংকট। এছাড়া জলবায়ু পরিবর্তন, দেশীয় আবহাওয়া উপযোগী প্রাণি ও ঘাসের জাত উদ্ভাবন ও উন্নয়ন, স্বাশ্রয়ী মূল্যে প্রাণির খাদ্য ও পালন ব্যবস্থাপনা কৌশল, নিত্যনতুন রোগসমূহের প্রতিরোধ ও প্রতিকার কৌশল এবং প্রাণিসম্পদের মূল্য সংযোজিত নিরাপদ পণ্য উৎপাদনে লাগসই প্রযুক্তি উদ্ভাবন অন্যতম চ্যালেঞ্জ। এছাড়া ক্ষুধামুক্ত বিশ্বে গঠনে স্মার্ট প্রাণিসম্পদ উৎপাদন কৌশল উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ প্রাণিজাত পণ্য ও আত্মকর্মসংস্থান উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করা অত্র ইনস্টিটিউটের জন্য অন্যতম প্রধান চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

রূপকল্প ২০৪১ ও টেকসই উন্নয়ন অর্জনে এই ইনস্টিটিউট স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বিভিন্ন উন্নয়ন কর্ম-পরিকল্পনা হাতে নিয়েছে। এসব পরিকল্পনার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে ঘাসভিত্তিক টোটাল মিক্সড রেশনের মাধ্যমে কম খরচে প্রাণি উৎপাদন ও ব্যবস্থাপনা কৌশল, র্যাক বেঞ্জার ছাগলের প্রজনন ব্যবস্থা উন্নয়নের জন্য কৃত্রিম প্রজনন কৌশল, গরুর কৃত্রিম প্রজননের জন্য স্বল্প খরচে সহজেই হিমায়িত সিমেন উৎপাদন কৌশল, কোলিতাত্ত্বিক গবেষণার মাধ্যমে দেশীয় প্রাণি ও পোল্ট্রি প্রজাতির জাত উন্নয়ন, লবণ ও খরা সহিষ্ণু গাসের জাত উদ্ভাবন, কাঙ্ক্ষিত লিঙ্গের বাচ্চা উৎপাদন কৌশল, গরু ও মহিষের ইন্ড্রাস সিনক্রোনাইজেশনের মাধ্যমে অধিক সংখ্যক বাচ্চা উৎপাদন, এ্যানিমেল জেনেটিক্স রিসোর্চ সংরক্ষণের জন্য জিন ব্যাংক স্থাপন, খামার বর্জ্য ব্যবস্থাপনা ও দূষণ নিরসনের জন্য টেকসই উন্নয়ন প্রযুক্তি, অঞ্চলভিত্তিক প্রাণিরোগ নিয়ন্ত্রণ মডেল উদ্ভাবন ও রোগের প্রাদুর্ভাব হ্রাস, অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স বিষয়ে রোগ-জীবানু সৃষ্টিকারী অনুজীবের উপর গবেষণা কার্যক্রম পরিচালনা ও জনসচেতনতা সৃষ্টি করা ইত্যাদি।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ২ টি প্রযুক্তি উদ্ভাবন
- ১ টি প্রযুক্তি হস্তান্তর
- মানব সম্পদ উন্নয়নে উদ্ভাবিত প্রযুক্তিসমূহের উপর ১০০০ জন খামারী/ উদ্যোক্তাদের প্রশিক্ষণ
- ৩০০ জন কর্মকর্তা/কর্মচারী/সম্প্রসারণ কর্মকর্তাদের প্রশিক্ষণ
- ৮০০ জন খামারী/উদ্যোক্তাদের প্রাণি ও পোল্ট্রি পালন ও ব্যবস্থাপনার উপর কারিগরী পরামর্শ প্রদান
- ১২ টি বৈজ্ঞানিক প্রকাশনা জার্নালে প্রকাশ ও খামারীদের উপযোগি করে ৪টি বুকলেট /লিফলেট/ম্যানুয়াল/ ফোল্ডার প্রকাশনা

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

প্রাণিসম্পদ উন্নয়নে জাতীয় চাহিদার নিরীখে গবেষণা পরিচালনা ও প্রযুক্তি উদ্ভাবন।

১.২ অভিলক্ষ্য (Mission)

নিরাপদ প্রাণিজ আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে গবেষণার মাধ্যমে প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নে গবেষণা কার্যক্রম পরিচালনা
২. সাশ্রয়ীভাবে প্রাণি ও পোল্ট্রির উন্নত পালন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রযুক্তি উদ্ভাবন
৩. প্রযুক্তি ভিত্তিক কারিগরী প্রশিক্ষণ প্রদান ও প্রযুক্তি পল্লী গঠন
৪. জনসেবামূলক কার্যক্রম গ্রহণ

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. গবেষণার মাধ্যমে দেশের প্রাণিসম্পদের মৌলিক সমস্যা সনাক্তকরণে তা সমাধানের উপায় নির্ধারণ বা চিহ্নিত করা;
২. প্রাণিসম্পদের বিভিন্ন প্রকার রোগ দ্রুত সনাক্তকরণ এবং তার চিকিৎসার জন্য উপযোগী পদ্ধতি উদ্ভাবন করা;
৩. প্রাণিসম্পদ উৎপাদনের উপর বিভিন্ন প্রকার ব্যাকটেরিয়া, ভাইরাস, ছত্রাক এবং পরজীবি ধারা সৃষ্ট রোগ এবং তাদের সংক্রমণ প্রভাব নির্ণয়ে ইপিডেমিওলজিক্যাল গবেষণা পরিচালনা করা;
৪. প্রাণি ও পোল্ট্রিতে বিভিন্ন প্রকার জীবাণু দ্বারা সৃষ্ট রোগের বিষয়ে প্রাণির শরীরের রোগ প্রতিরোধ ব্যবস্থা সংক্রান্ত গবেষণা এবং রোগের যথাযথ প্রতিষেধক উৎপাদনের জন্য লাগসই প্রযুক্তি উদ্ভাবন করা;
৫. দুধ, মাংস ও কর্ষণ শক্তি উৎপাদন বৃদ্ধি সহায়ক প্রাণিসম্পদের উন্নত জাত উদ্ভাবন এবং ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধি সহায়ক পোল্ট্রির উন্নত জাত উদ্ভাবন করা;
৬. প্রাণি খাদ্যের উৎপাদন ও সংরক্ষণ পদ্ধতির উন্নয়ন এবং কৃষিভিত্তিক উপজাত, উচ্ছিষ্ট ও অপ্রচলিত খাদ্য সামগ্রীর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা;
৭. আপদকালীন সময়ে প্রাণিখাদ্য যোগানের লক্ষ্যে দীর্ঘমেয়াদে সংরক্ষণযোগ্য প্রাণিখাদ্য প্রস্তুতকরণের কৌশল উদ্ভাবন করা;
৮. প্রাণি হইতে মানুষে সংক্রমণযোগ্য রোগ এবং আন্তঃদেশীয় প্রাণিরোগ প্রতিরোধকল্পে গবেষণার মাধ্যমে উক্ত রোগ নির্মূলের লক্ষ্যে বিভিন্ন প্রকার মানসম্পন্ন টিকা উদ্ভাবন করা;
৯. প্রাণি হতে মানুষে সংক্রমণযোগ্য রোগ নিয়ন্ত্রণে 'একস্বাস্থ্য (One Health)' বিষয়ক গবেষণা পরিচালনা করা;
১০. প্রাণির সুস্বাস্থ্য রক্ষা ও উৎপাদন বৃদ্ধি নিশ্চিতকরণের ব্যবস্থাপনা কৌশলের উন্নয়ন করা;
১১. প্রাণিসম্পদের চিকিৎসায় ঔষধ হিসাবে দেশীয় গাছগাছড়ার ঔষধি গুণাগুণ মূল্যায়ন এবং উহার ব্যবহারের সম্ভাবনা পরীক্ষা করা;
১২. প্রাণিস্বাস্থ্যের জন্য ক্ষতিকর গাছ চিহ্নিত করা ও তার বিরূপ প্রভাব নির্ণয় ও প্রতিকারের উপায় শনাক্ত করা;
১৩. প্রাণিজ পন্য সংগ্রহ, সংরক্ষণ এবং প্রক্রিয়াজাতকরণের লক্ষ্যে উহার পচন রোধ এবং সংরক্ষণের ক্ষেত্রে গুণগতমান বজায় রাখার উদ্দেশ্যে প্রয়োজনীয় ও উন্নত পদ্ধতি উদ্ভাবন করা;
১৪. প্রাণি এবং উৎপাদিত প্রাণিজপন্য সংক্রান্ত বিভিন্ন উপাদানের উৎপাদন ব্যয় নির্ণয় করা;
১৫. ক্রমবর্ধিষ্ণু জনসংখ্যার এই দেশে প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নূতন নূতন প্রযুক্তি, জ্ঞান উদ্ভাবন ও উন্নয়ন করা;

১৬. প্রাণিসম্পদের উপর গবেষণালব্ধ ফলাফলে প্রয়োগ সংক্রান্ত কার্যক্রমের জন্য মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তরসমূহের সমন্বয় ও নিয়ন্ত্রণ করা;
১৭. জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ বিবেচনায় প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন সমস্যা সংক্রান্ত সেমিনার, আলোচনা সভা বা কর্মশালা আয়োজন করা;
১৮. পোল্ট্রি ও প্রাণিসম্পদ উন্নয়নের লক্ষ্যে বায়োটেকনোলজি ও ন্যানো-টেকনোলজি বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনা করা;
১৯. অঞ্চলভিত্তিক পোল্ট্রি এবং প্রাণিসম্পদের উপর গবেষণা কর্ম পরিচালনা করা;
২০. প্রাণিসম্পদের উপর গবেষণা সংক্রান্ত তথ্য কৃষকের নিকট পৌঁছানো;
২১. প্রাণিসম্পদ এবং তা হতে উৎপাদিত পন্যের বাজারজাতকরণ সংক্রান্ত সমস্যা নির্ণয় এবং প্রাণিজপণ্যের শ্রেণিবিন্যাসসহ তা বাজারজাতকরণে উপযুক্ত পদ্ধতির উন্নয়ন করা;
২২. নিরাপদ প্রাণিজ খাদ্য বিষয়ক গবেষণা পরিচালনা করা;
২৩. প্রাণি বর্জের প্রকৃতি ও বহুমুখী উপযোগিতা এবং উহার পরিবেশ বান্ধব ব্যবস্থাপনার উপর গবেষণা পরিচালনাক্রমে পদ্ধতি উদ্ভাবন করা;
২৪. বিএলআরআই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান এবং দেশি-বিদেশি দাতা সংস্থার সহিত চুক্তি সম্পাদন করা;
২৫. বিএলআরআই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় অন্যান্য কার্যাবলী সম্পাদন করা।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা ২০২৩-২৪	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৪-২০২৫	২০২৫-২০২৬		
মাংস, ডিম ও দুধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গবেষণা কার্যক্রম	[১.১] বাস্তবায়িত গবেষণা	সংখ্যা	৩০	৪০	৪০	৪৫	৪৫	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারি ও বেসরকারি সংস্থাসমূহ	বিএলআরআই এর বার্ষিক গবেষণা প্রতিবেদন, গবেষণা প্রকল্পসমূহের সার- সংক্ষেপ
	[২.১] প্রযুক্তি উদ্ভাবন/প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে প্রাথমিক গবেষণা ধাপসমূহ সম্পন্ন করা হবে	সংখ্যা	০	২	২	২	২	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারি ও বেসরকারি সংস্থাসমূহ	বিএলআরআই এর বার্ষিক প্রতিবেদন/ত্রৈমাসিক প্রতিবেদন ও প্রকাশনা
	[২.২] প্রযুক্তি হস্তান্তর	সংখ্যা	১	২	১	১	১	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারি ও বেসরকারি সংস্থাসমূহ	চুক্তিপত্র/অগ্রায়ন পত্র/অগ্রগতি প্রতিবেদন
	[৩.১] খামারী /উদ্যোক্তা/কর্মকর্তাদের প্রযুক্তি ভিত্তিক প্রশিক্ষণ প্রদান	সংখ্যা	৬৫০	৬৫০	১৩০০	১৩০০	১৩০০	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারি ও বেসরকারি সংস্থাসমূহ	বিএলআরআই এর বার্ষিক প্রতিবেদন, ত্রৈমাসিক প্রতিবেদন
	[৩.৩] খামারী/উদ্যোক্তাগণকে প্রাণিসম্পদ সম্পর্কিত পরামর্শ সেবা প্রদান	সংখ্যা	৭০০	৭০০	৮০০	৮৫০	৮৫০	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারি ও বেসরকারি সংস্থাসমূহ	বিএলআরআই এর বার্ষিক প্রতিবেদন, ত্রৈমাসিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নে গবেষণা কার্যক্রম পরিচালনা	৩০	[১.১] গবেষণা প্রকল্প বাস্তবায়ন	[১.১.১] বাস্তবায়িত গবেষণা প্রকল্প	সমষ্টি	সংখ্যা	২০	৩০	৪০	৪০	৩৫	৩০	২৫	২০	৪৫	৪৫
		[১.২] বার্ষিক গবেষণা কর্মশালা আয়োজন	[১.২.১] আয়োজিত কর্মশালা	সমষ্টি	সংখ্যা	১০	১	১	১	০	০	০	০	১	১
[২] সাশ্রয়ীভাবে প্রাণি ও পোল্ট্রির উন্নত পালন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রযুক্তি উদ্ভাবন	১৫	[২.১] প্রযুক্তি উদ্ভাবন/ প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে প্রাথমিক গবেষণা ধাপসমূহ বা কার্যাবলী	[২.১.১] উদ্ভাবিত প্রযুক্তি/ধাপসমূহের অর্জিত অগ্রগতি	সমষ্টি	সংখ্যা	১০	০	২	২	১	০	০	০	২	২
		[২.২] উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর	[২.২.১] হস্তান্তরিত প্রযুক্তি	সমষ্টি	সংখ্যা	৫	০	২	১	০	০	০	০	২	২
[৩] প্রযুক্তি ভিত্তিক কারিগরী প্রশিক্ষণ প্রদান ও প্রযুক্তি পল্লী গঠন	১৫	[৩.১] খামারী/উদ্যোক্তা/কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান খামারী- ১০০০ জন কর্মকর্তা-৩০০ জন	[৩.১.১] প্রশিক্ষিত খামারী/উদ্যোক্তা/কর্মকর্তা	সমষ্টি	সংখ্যা	৮	৬৫০	৬৫০	১৩০০	১২০০	১০০০	৮০০	৭৫০	১৩৫০	১৪০০
		[৩.২] প্রযুক্তি পল্লী গঠন	[৩.২.১] প্রযুক্তি পল্লী গঠিত	সমষ্টি	সংখ্যা	৭	০	০	১	০	০	০	০	২	২
[৪] জনসেবামূলক কার্যক্রম গ্রহণ	১০	[৪.১] বিজ্ঞানভিত্তিক প্রাণি ও পোল্ট্রি পালন ও ব্যবস্থাপনা বিষয়ক পরামর্শ	[৪.১.১] পরামর্শ প্রদানকৃত খামারী/উদ্যোক্তা	সমষ্টি	সংখ্যা	৩	৭০০	৭০০	৮০০	৭৮০	৭৬০	৭৫০	৭৪০	৮৫০	৮৫০
		[৪.২] প্রাণি ও পোল্ট্রি খাদ্য এবং রোগের নমুনা বিশ্লেষণ	[৪.২.১] সেবা গ্রহীতা খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান	সমষ্টি	সংখ্যা	২	০	০	১৫০	১৪০	১৩০	১২০	১১০	১৬০	১৬০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
		[৪.৩] উদ্ভাবিত/উন্নয়নকৃত দেশী মুরগি/হাঁস/কোয়েলের হ্যাচিং ডিম বা বাচ্চা সরবরাহ	[৪.৩.১] সেবা গ্রহীতা খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান	সমষ্টি	সংখ্যা	২	০	০	৪০০০	৩৮০০	৩৬০০	৩৫০০	৩৪০০	৪৫০০	৪৫০০
		[৪.৪] উদ্ভাবিত উন্নত জাতের ঘাসের কাটিং ও বীজ বিতরণ	[৪.৪.১] সেবা গ্রহীতা খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান	সমষ্টি	সংখ্যা	৩	০	০	৪০০০০০	৩৮০০০০	৩৬০০০০	৩৪০০০০	৩২০০০০	৪২০০০০	৪২০০০০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মহাপরিচালক
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

২৫/০৬/২০২৬

তারিখ

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২৫.০৬. ২০২৬

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	ToT	Training of the Trainer
২	এসডিজি	টেকসই উন্নয়ন অর্জন (Sustainable Development Goals)
৩	ডিএলএস	প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services)
৪	পিআরএল	প্রিপারেটরি রিটায়ারমেন্ট লিভ (Preparatory Retirement Leave)
৫	বিএলআরআই	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (Bangladesh Livestock Research Institute)

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] গবেষণা প্রকল্প বাস্তবায়ন	[১.১.১] বাস্তবায়িত গবেষণা প্রকল্প	সকল বিভাগ/দপ্তর/আঞ্চলিক কেন্দ্রসমূহ	বার্ষিক গবেষণা প্রতিবেদন
[১.২] বার্ষিক গবেষণা কর্মশালা আয়োজন	[১.২.১] আয়োজিত কর্মশালা	প্রশিক্ষণ, পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগ	পত্র প্রেরণ/দাওয়াত পত্র/কর্মশালার কার্যবিবরণী
[২.১] প্রযুক্তি উদ্ভাবন/ প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে প্রাথমিক গবেষণা ধাপসমূহ বা কার্যাবলী	[২.১.১] উদ্ভাবিত প্রযুক্তি/ধাপসমূহের অর্জিত অগ্রগতি	সকল বিভাগ/দপ্তর/ আঞ্চলিক কেন্দ্রসমূহ	লিফলেট/পপুলার আর্টিকেল/প্রকাশনা/বার্ষিক প্রতিবেদন
[২.২] উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর	[২.২.১] হস্তান্তরিত প্রযুক্তি	সেবা ও সহায়তা বিভাগ/প্রশিক্ষণ, পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগ	চুক্তিপত্র/অগ্রায়ন পত্র/বার্ষিক প্রতিবেদন
[৩.১] খামারী/উদ্যোক্তা/কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান খামারী- ১০০০ জন কর্মকর্তা-৩০০ জন	[৩.১.১] প্রশিক্ষিত খামারী/উদ্যোক্তা/কর্মকর্তা	সংশ্লিষ্ট বিভাগ/প্রশিক্ষণ, পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগ	অফিস আদেশ/প্রশিক্ষণার্থীর উপস্থিতি তালিকা
[৩.২] প্রযুক্তি পল্লী গঠন	[৩.২.১] প্রযুক্তি পল্লী গঠিত	সংশ্লিষ্ট বিভাগ/প্রশিক্ষণ, পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগ	অফিস আদেশ/বাস্তবায়নত অগ্রগতি/বার্ষিক প্রতিবেদন
[৪.১] বিজ্ঞানভিত্তিক প্রাণি ও পোল্ট্রি পালন ও ব্যবস্থাপনা বিষয়ক পরামর্শ	[৪.১.১] পরামর্শ প্রদানকৃত খামারী/উদ্যোক্তা	সংশ্লিষ্ট বিভাগ/আঞ্চলিক কেন্দ্রসমূহ	খামারী/উদ্যোক্তাদের গৃহিত সেবার রেজিস্টার বহি
[৪.২] প্রাণি ও পোল্ট্রি খাদ্য এবং রোগের নমুনা বিশ্লেষণ	[৪.২.১] সেবা গ্রহীতা খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট বিভাগ /দপ্তর/ আঞ্চলিক কেন্দ্রসমূহ	প্রতিস্বাক্ষরিত ত্রৈমাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন
[৪.৩] উদ্ভাবিত/উন্নয়নকৃত দেশী মুরগি/হাঁস/কোয়েলের হ্যাচিং ডিম বা বাচ্চা সরবরাহ	[৪.৩.১] সেবা গ্রহীতা খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/আঞ্চলিক কেন্দ্রসমূহ	প্রতিস্বাক্ষরিত ত্রৈমাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন
[৪.৪] উদ্ভাবিত উন্নত জাতের ঘাসের কাটিং ও বীজ বিতরণ	[৪.৪.১] সেবা গ্রহীতা খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট বিভাগ / আঞ্চলিক কেন্দ্রসমূহ	প্রতিস্বাক্ষরিত ত্রৈমাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন

সংযোজনী ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
বার্ষিক গবেষণা কর্মশালা আয়োজন	আয়োজিত কর্মশালা	প্রাণিসম্পদ অধিদপ্তর	কর্মশালায় উপস্থিতি এবং গবেষণা পর্যালোচনার ক্ষেত্রে মতামত গ্রহণ ও বাস্তবায়ন
উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর	হস্তান্তরিত প্রযুক্তি	প্রাণিসম্পদ অধিদপ্তর	চুক্তিপত্র/পত্র প্রেরণ/কর্মশালা/সেমিনারের মাধ্যমে
খামারী/উদ্যোক্তা/কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান খামারী- ১০০০ জন কর্মকর্তা-৩০০ জন	প্রশিক্ষিত খামারী/উদ্যোক্তা/কর্মকর্তা	প্রাণিসম্পদ অধিদপ্তর	মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান এবং খামারী উপস্থিতি
প্রাণি ও পোল্ট্রি খাদ্য এবং রোগের নমুনা বিশ্লেষণ	সেবা গ্রহীতা খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান	প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রাণিসম্পদ অধিদপ্তর/মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানের পত্রের প্রেক্ষিতে খাদ্য ও রোগের নমুনা বিশ্লেষণ

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ